



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

বাংলাদেশ সায়েন্স ফিকশন সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা এর উদ্যোগে
মেধাবৃত্তি ও কুইজ উৎসব-২০১৯ অনুষ্ঠিত



৩০ এপ্রিল-২০১৯, মঙ্গলবার, সকাল:১১টায় বাংলাদেশ সায়েন্স ফিকশন সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা এর উদ্যোগে সায়েন্স ফিকশন মেধাবৃত্তি ও কুইজ উৎসব-২০১৯ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে শিক্ষক সমিতির সভাপতি ও বাংলাদেশ সায়েন্স ফিকশন সোসাইটি জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার মডারেটর অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ ও বাংলাদেশ সায়েন্স ফিকশন সোসাইটির কেন্দ্রীয় সভাপতি এস এম মোস্তাক আহমেদ উপস্থিত ছিলেন।

এসময় প্রধান আলোচক হিসেবে বিশিষ্ট কথাসাহিত্যিক ও মনোশিক্ষাবিদ অধ্যাপক ড. মোহিত কামাল উপস্থিত ছিলেন।

এছাড়াও বাংলাদেশ সায়েন্স ফিকশন সোসাইটি জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।